# হাদীস সম্ভার

হাদিস নাম্বারঃ ২৪৭৫

২৩/ বাণিজ্য ও উপার্জন

পরিচ্ছেদঃ ক্রয়-বিক্রয় ও লেনদেনের ক্ষেত্রে উদারতা দেখানো, উত্তমরূপে ঋণ পরিশোধ ও প্রাপ্য তলব করা, ওজন ও মাপে বেশি দেওয়ার মাহাত্ম্য, ওজন ও মাপে নেওয়ার সময় বেশী নেওয়া এবং দেওয়ার সময় কম দেওয়া নিষিদ্ধ এবং ধনী ঋণদাতার অভাবী ঋণগ্রহীতাকে (যথেষ্ট সময় পর্যন্ত) অবকাশ দেওয়া ও তার ঋণ মওকুফ করার ফযীলত

---

আরবী

وَعَن أَبِيْ صَفْوَان سُوَيْدِ بن قَيس قَالَ : جَلَبْتُ أَنَا وَمَخْرَمَةُ العَبْدِيُّ بَزّاً مِنْ هَجَرَ فَجَاءَنَا النَّبِيُّ ﷺ فَسَاوَمَنَا بِسَرَاوِيلَ وَعِندِيْ وَزَّانٌ يَزِنُ بِالأَجْرِ فَقَالَ النَّبِيُّ ﷺ لِلْوَزَّانِ زِنْ وَأَرْجِحْ رواه أَبُو داود والترمذي وقال حديث حسن صحيح

বাংলা

(২৪৭৫) আবূ সাফওয়ান সুআইদ ইবনে ক্বাইস (রাঃ) হতে বর্ণিত, তিনি বলেন, আমি ও মাখরামাহ আব্দী 'হাজার' নামক জায়গা থেকে কিছু কাপড় (বিক্রির উদ্দেশ্যে) আমদানি করেছিলাম। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আমাদের নিকট এসে পায়জামার দর-দাম করতে লাগলেন। আমার নিকটে একজন কয়াল (মাপনদার) ছিল, যে পারিশ্রমিকের বিনিময়ে (স্বর্ণরৌপ্য) ওজন ক'রে দিত। সুতরাং তিনি কয়ালকে বললেন, ওজন কর ও একটু ঝুঁকিয়ে ওজন কর।

ফুটনোট

(আবূ দাঊদ ৩৩৩৮, তিরমিযী ১৩০৫, হাসান সহীহ)

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী  বর্ণনাকারীঃ সুওয়ায়দ ইবন কায়স (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=66223

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন